

# যুগান্ত

প্রিন্ট: ০৮ আগস্ট ২০২৫, ১১:৫২ এএম


## শিক্ষাজ্ঞন

# গুরুবৰ্ষ ১৯ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত উত্তীর্ণ শুরু



যুগান্ত ডেস্ক

প্রকাশ: ০৮ আগস্ট ২০২৫, ০৯:৫৪ এএম



সংগৃহীত ছবি

গুচ্ছভুক্ত (জিএসটি) ১৯ বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তিপ্রক্রিয়া শুরু হয়েছে রোববার। যা চলবে বৃহস্পতিবার (৭ আগস্ট) পর্যন্ত। আর ভর্তি প্রক্রিয়া শেষে ক্লাস শুরু হবে আগামী ১১ আগস্ট। ভর্তিসংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষার্থীরা তাদের স্টুডেন্ট প্যানেলে উল্লিখিত তথ্য অনুযায়ী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে, সেই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়ম অনুসারে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। যদি কোনো শিক্ষার্থী তার মূল নম্বরপত্র অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে থাকে, তবে তা নিজ দায়িত্বে সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়সীমার বাইরে কোনো ভর্তি কার্যক্রম গ্রহণ করা হবে না বলে জানানো হয়েছে।

এতে আরও বলা হয়েছে, গুচ্ছভুক্ত সব বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ক্লাস শুরু হবে ১১ আগস্ট থেকে। এছাড়া, ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। <https://gstadmission.ac.bd/> এই ঠিকানায় বিস্তারিত তথ্য জানা যাবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একটি মাত্র সমন্বিত ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা স্নাতক প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাচ্ছেন।

---